

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৯০৮

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ মক্কার মাহাত্ম

## আরবী

عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ عَلَيْ يُوْمَ الْفَتْحِ فَتْحِ مَكَّةَ إِنَّ هٰذَا الْبَلَدَ حَرَّمَهُ اللهُ يَوْمَ الْفَتْحِ فَتْحِ مَكَّةَ إِنَّ هٰذَا الْبَلَدَ حَرَّمَهُ اللهُ يَوْمِ الْقِيَامَةِ وَإِنَّهُ لَمْ يَحِلَّ الْقِتَالُ فِيهِ خَلَقَ السَّمَوَاتِ وَالأَرْضَ فَهُوَ حَرَامٌ بِحُرْمَةِ اللهِ إِلَى يَوْمِ الْقِيَامَةِ لاَ لَأَحَدٍ قَبْلِى وَلَمْ يَحِلَّ لِى إِلاَّ سَاعَةً مِنْ نَهَارٍ فَهُو حَرَامٌ بِحُرْمَةِ اللهِ إِلَى يَوْمِ الْقِيَامَةِ لاَ لَأَحَدُ قَبْلِى وَلَمْ يَحِلَّ لِى إِلاَّ سَاعَةً مِنْ نَهَارٍ فَهُو حَرَامٌ بِحُرْمَةِ اللهِ إِلَى يَوْمِ الْقِيَامَةِ لاَ يُعْضَدُ شُوكُهُ وَلاَ يُنَقَّرُ صَيَدْهُ وَلاَ يَلْتَقِطُ إِلاَّ مَنْ عَرَّفَهَا وَلاَ يُخْتَلَى خَلاَهَا فَقَالَ الْعَبَّاسُ يَا يَعْضَدُ شُوكُهُ وَلاَ يُنْقَرُ صَيَيْدُهُ وَلاَ يَلْتَقِطُ إِلاَّ مَنْ عَرَّفَهَا وَلاَ يُخْتَلَى خَلاَهَا فَقَالَ الْعَبَّاسُ يَا رَسُوْلَ اللهِ إِلاَّ الإِذْخِرَ فَإِنَّهُ لِقَيْنِهِمْ وَلِبُيُوتِهِمْ فَقَالَ إِلاَّ الإِذْخِرَ

## বাংলা

(২৯০৮) ইবনে আব্বাস (রাঃ) কর্তৃক বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কা বিজয়ের দিন বলেছেন, নিশ্চয় এই শহরকে আল্লাহ সেদিন 'হারাম' (পবিত্র ও সম্মানিত) ঘোষণা করেছেন, যেদিন তিনি আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করেছেন। সুতরাং তা কিয়ামত পর্যন্ত আল্লাহর দেওয়া সম্মানে সম্মানিত। আমার পূর্বে কারো জন্য এখানে যুদ্ধ বৈধ করা হয়নি। আর আমার জন্যও (মক্কা-বিজয়) দিনের কিছু সময় ছাড়া তা বৈধ করা হয়নি। সুতরাং তা কিয়ামত পর্যন্ত আল্লাহর দেওয়া সম্মানে সম্মানিত। তার কাঁটা কাটা যাবে না, তার শিকার চকিত করা হবে না, প্রচার উদ্দেশ্য ছাড়া তার পড়ে থাকা জিনিস কুড়ানো যাবে না। তার ঘাস কাটা যাবে না। ইবনে আব্বাস (রাঃ) বললেন, 'হে আল্লাহর রসূল! কিন্তু ইযথির ঘাস? তা তো কর্মকার (জ্বালানীর কাজে) এবং ঘরের ছাদ দেওয়ার কাজে লাগে।' তিনি বললেন, ইযথির ঘাস ব্যতিক্রম।

## ফুটনোট

(বুখারী, মুসলিম ১৩৫৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন